

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

এডি-পি১- ৪৬০২/০২১৯/১৬৬

২৮ ফেব্রুয়ারি ২০১৮

প্রেরক : মোহাম্মদ নাজমুল হক
পরিচালক (সংস্থাপন)

প্রাপক : জনাব মোহাম্মদ জুলকার নায়েন
সহকারী হাই কমিশনার,
বাংলাদেশ সহকারী হাই কমিশন, বার্মিংহাম।


বিষয় : বাংলাদেশ দূতাবাস, বেইজিং-এ মিনিষ্টার হিসেবে বদলী।

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত শর্তাবলীতে আপনাকে বাংলাদেশ দূতাবাস, বেইজিং-এ মিনিষ্টার হিসেবে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ নিয়োগ উক্ত মিশনে আপনার দায়িত্বভার গ্রহণের তারিখ হতে কার্যকর হবে।

- ক) বেতন : জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী।
- খ) বৈদেশিক ভাতা : বিধি বর্ণিত শর্ত এবং সীমাসাপেক্ষে মাসিক মার্কিন ডলার ২০৭৪/-।
- গ) আপ্যায়ন ভাতা : বিধি বর্ণিত শর্ত এবং সীমাসাপেক্ষে মাসিক মার্কিন ডলার ৭৩৯/-।
- ঘ) বদলি অনুদান : বার্মিংহাম-এ আহরিত আপনার মাসিক বেতনের অর্ধেকের সমপরিমান অর্থ। মূলবেতনের এক চতুর্থাংশ বার্মিংহাম-এ এবং এক চতুর্থাংশ বেইজিং-এ প্রদেয়।
- ঙ) বাসস্থান : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে আসবাবপত্রসহ বাসস্থান।
- চ) ভ্রমণ ব্যয় : বিধি অনুযায়ী আপনার এবং আপনার পরিবারের সদস্যদের জন্য অনুমোদিত পথে বার্মিংহাম হতে বেইজিং পর্যন্ত বিমানে সুলভ শ্রেণীতে (Economy Class) ভ্রমণ এবং তদসঙ্গে আনুষঙ্গিক ব্যয়।
- ছ) পরিচারক/পরিচারিকার ভ্রমণ ব্যয় : বিধি মোতাবেক সুলভ শ্রেণীতে (Economy Class) অনুমোদিত পথে বার্মিংহাম হতে বেইজিং পর্যন্ত ০১ (এক) জন পরিচারক/পরিচারিকার ভ্রমণ ব্যয়, ৩/৮ অংশ হারে দৈনিক ভাতা এবং অন্যান্য ভাতাদি প্রাপ্য। উক্ত পরিচারক/পরিচারিকার বেতন সরকার বহন করবে না।
- জ) সন্তানাদির শিক্ষা ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।
- ঝ) চিকিৎসা ব্যয় : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে চিকিৎসা সুবিধাদি।
- ঞ) উৎসব ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।
- ট) ব্যক্তিগত মালামাল পরিবহণ ব্যয় :
 - (১) বিধি অনুযায়ী বার্মিংহাম হতে বেইজিং পর্যন্ত ব্যক্তিগত মালামাল পরিবহন এবং তদসঙ্গে আনুষঙ্গিক ব্যয় প্রাপ্য;
 - (২) ইনস্যুরেন্স প্রিমিয়াম : বিধি অনুযায়ী প্রাপ্য।


০২। আপনাকে বর্তমান দায়িত্বভার ত্যাগ করে অবিলম্বে নতুন কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এবং জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।


(মোহাম্মদ নাজমুল হক)
পরিচালক (সংস্থাপন)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিচালক (প্রশাসন/পূর্ব এশিয়া ও প্রশান্ত/পশ্চিম ইউরোপ ও ইইউ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/অর্থ/সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুন বাগিচা, ঢাকা।
- ০৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (নীতি ও সংগঠন/এসএসএ/এমবি ও ইকুপমেট/আইসিটি/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। বাংলাদেশ সহকারী হাই কমিশন, বার্মিংহাম/ বাংলাদেশ দূতাবাস, বেইজিং/বাংলাদেশ হাই কমিশন, লন্ডন।
- ০৬। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।


(এ. এস. এম. সায়েম)
সিনিয়র সহকারী সচিব (সংস্থাপন-১)
ফোন : ৯৫৬৪০৭৮